দৈনিক বাংলা

তারিখ ... 19 APR 1995 ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৩ ...

07

## ফরম বিক্রি করে ২৯ লক্ষ টাকা আয়

# চট্টগ্রাম ভার্সিটি অনার্সে ২১২৬ আসনের জন্য ২২ হাজার প্রার্থী

মুস্তফা নঈম ঃ চট্টগ্রাম, ১৮ এপ্রিল।– চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে অনার্স প্রথম বর্ষের দুই হাজার ১২৬টি আসনের জন্য ভর্তির আবেদন জমা হয়েছে বাইশ তেইশ হাজার। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ফরম বিক্রি বাবত আয় করেছে ২৯ লাখ ৫৩ হাজার ৫০ টাকা। এবার অধিকসংখ্যক আবেদনপত্র জমা পড়েছে বনবিদ্যা বিভাগে। এই বিভাগের ৪৫টি আসনের জন্য ভর্তি ইচ্ছুক শিক্ষার্থীর সংখ্যা ১৬৯৯ জন। দ্বিতীয় স্থানে রয়েছে সমুদ্র বিজ্ঞান বিভাগ। এ বিভাগে ১৪৮৭টি আবেদনপত্র জমা পড়েছে মাত্র ৪০টি সীটের জন্য। আগামী ২৩ এপ্রিল থেকে ৬ মে পর্যন্ত বিভিন্ন বিভাগ ও ইউনিটের ভর্তির পরীক্ষা অনুষ্ঠিত হবে বলে বিশ্ববিদ্যালয় সূত্র জানিয়েছে।

বিভিন্ন ইউনিটে আবেদন সংখ্যা নিম্নরূপ ঃ 'ক' ইউনিটের ৪৮৭টি সীটের জন্য আবেদনকারীর সংখ্যা ৫২১৬। ২ হাজার ৫৮৭ জন আবেদন করেছে 'খ' ইউনিটের ৭১০টি আসনের জন্য। 'গ' ইউনিটে ৫ হাজার ৪৯৬ জন আবেদন করেছে ৪০০টি সীটের জন্য। 'ঘ' ইউনিটের ৩৬৯ আসনের জন্য আবেদনপত্র জমা হয়েছে ৩ হাজার ৯১২টি। সর্বমোট ২১২৬ সীটের জন্য আবেদনকারীর মোট সংখ্যা ২২ হাজার ৯৮৭। এর প্রেক্ষিতে এবার প্রতি সীটের জন্য গড় শিক্ষার্থী সংখ্যা হচ্ছে প্রায় ১১ জন।